

ক. প্রাণী, ও প্রাণীর মাংস হাঁস মুরগী, হাস-মুরগীর ডিম ও মাংস আমদানী/ রপ্তানীর ক্ষেত্রে অনুসরণীয় আইন, বিধি, ও পদ্ধতিঃ

১. পণ্য আমদানির জন্য আবেদন পত্রের সাথে আমদানিকৃত পণ্যের প্রফর্মা ইনভয়েজ, প্রাণিসম্পদ অধিদপ্তরের নিবন্ধন, আমদানি/ রপ্তানিকারক দেশের প্রাণিসাম্পদ বিভাগ/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ভেটেরিনারি হেলথ সনদ প্রদান করতে হইবে (সংযুক্ত-১)।
২. গরু, ছাগল ও মুরগীর মাংস ও মানুষের খাওয়ার উপযোগী পশুর মাংস আমদানির ক্ষেত্রে মোড়কের গায়ে রপ্তানিকারক দেশের মাংস উৎপাদনের তারিখ ও মেয়াদ এমব্রাস বা প্রিন্টেড থাকিতে হইবে এবং উহাতে সংরক্ষনের পদ্ধতি উল্লেখ করিতে হইবে (সংযুক্ত-২)।
- ক. আমদানিকৃত পণ্য Bovine Spongiform Encephalopathy (BSE) এবং Avian influenza মুক্ত মর্মে রপ্তানিকারক দেশের যথাপোযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকিতে হইবে।
- খ. ইউরোপিয়ান ইউনিয়ানভুক্ত দেশেসমূহ হইতে সাংস আমদানির ক্ষেত্রে “ ম্যাড কাউ ডিজিজ মুক্ত” মর্মে রপ্তানিকারক দেশের যথাপোযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকিতে হইবে।
৩. প্রাণী, উদ্ভিদ পণ্য- প্রাণী, উদ্ভিদ ও উদ্ভিজ পণ্য আমদানির ক্ষেত্রে কেয়ারেন্টাইন শর্তাবলী প্রযোজ্য হইবে (সংযুক্ত-৩)।
৪. মুরগীর বাচ্চাঃ- কেবল ১ (এক) দিনের মুরগীর বাচ্চা (এইচ,এস, হেডিং নম্বর ০১.০৫) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আমদানি করা যাইবে (সংযুক্ত-৪)।  
(ক) আমদানিতব্য বাচ্চা সংক্রামক ব্যাধিমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের পশু সম্পদ বিভাগের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সনদপত্র থাকিতে হইবে;  
(খ) রপ্তানিকারক দেশ এভিয়ান ইনফ্লুয়েঞ্জা মুক্ত এই মর্মে World Organization of Animal Health এর সার্টিফিকেট দাখিল ক রতে হইবে;  
(গ) আমদানিকারককে অবশ্যই ঋণপত্র খোলার সময় তাহার হ্যাচারী বা ব্রীডার ফার্ম রহিয়াছে এই মর্মে পশুসম্পদ অধিদপ্তরের পরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র ব্যাংকে প্রদর্শন করিতে হইবে।
৫. হাঁস-মুরগী ও পাখির ডিমঃ- হাঁস-মুরগী ও পাখির ডিম ( এইচ, এস হেডিং নম্বর ০৪.০৭ ও কোড নম্বর ০৪০৭.০০ .০০) হাঁস-মুরগী ও পাখির ডিম বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বনুমতিক্রমে নিম্নলিখিত শর্তে আমদানি করা যাইবে (সংযুক্ত-৪)।  
(ক) Avian Influenza বা Bird Flu মুক্ত দেশ থেকে সীমিত আকারে ' ডিম আমদানি করিতে হইবে; এবং  
(খ) আমদানিকৃত ডিমের প্রতিটি চালানোর জন্য রপ্তানিকারক দেশের প্রাণিসাম্পদ বিভাগ/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক Avian Influenza বা Bird Flu ভাইরাস ও ক্ষতিকর ব্যাকটেরিয়া মুক্ত মর্মে সনদ থাকিতে হইবে।
৬. গবাদিপশুর হিমায়িত সীমেন- (এইচ,এস হেডিং নম্বর ০৫.১১ এর এইচ,এস কোড নম্বর ০৫১১.১০.০০) গবাদিপশুর হিমায়িত সীমেন ও এমব্রায়ো (Embryo),প্রিজিয়ান, প্রিজিয়ান ক্রস, শাহিওয়াল, শাহিওয়াল ক্রস, ফ্রিজিয়ান-শাহিওয়াল ক্রস, এএফএস, এএফএস ক্রস জাতের গবাদি পশুর হিমায়িত সীমেন (ডিপ ফ্রোজেন) ব্যতীত অন্যন্য গরুর সীমেন আমদানি নিষিদ্ধ, তবে ফ্রিজিয়ান, ফ্রিজিয়ান ক্রস, শাহিওয়াল, শাহিওয়াল ক্রস, ফ্রিজিয়ান-শাহিওয়াল ক্রস, এএফএস, এএফএস ক্রস, ব্রামাহ (Bramah), Murrah, Nilliravi এবং Mediteranean মহিষের জাতের গবাদি পশুর হিমায়িত (ডিপ ফ্রোজেন সীমেন), এমব্রায়ো (Embryo) আমদানি করা যাইবে(সংযুক্ত-৪)  
(ক). উল্লিখিত সীমেনের জাত এবং উহা সংক্রমক ও যৌনব্যাধিমুক্ত এবং রপ্তানিকারক দেশ Bovine Spongiform Encephalopathy (BSE)মুক্ত এই মর্মে উক্ত দেশের যথাপোযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র থাকিতে হইবে।
৭. কোন পশু বা পশুজাত পণ্যের রপ্তানীর ক্ষেত্রে সন্নিবেশের জন্য পালনীয় শর্তাবলী বিধি দ্বারা নির্ধারিত হইবে (সংযুক্ত-০৫)।

৩